

- ২। হৃৎপিণ্ডের লাভ-ডাব শব্দের কারণ—
 i. অ্যাট্রিয়ামের সিস্টোল ii. ভেন্ট্রিকলের সিস্টোল iii. ভেন্ট্রিকলের ডায়াস্টোল
 নিচের কোনটি সঠিক ?
 ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ৩। হৃৎপিণ্ডের প্রাচীরের স্তরগুলো—
 i. এপিকার্ডিয়াম ii. মায়োকার্ডিয়াম iii. এন্ডোকার্ডিয়াম
 নিচের কোনটি সঠিক ?
 ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ৪। হৃৎপিণ্ডের এন্ডোকার্ডিয়ামের কাজ হলো—
 i. অন্তঃপ্রাচীর গঠন করা
 ii. হৃৎকপাটিকাসমূহ খুলতে সাহায্য করা
 iii. রক্তবাহিকার সাথে হৃৎপিণ্ডের অবিচ্ছিন্ন সংযোগ ঘটানো
 নিচের কোনটি সঠিক ?
 ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ৫। পেসমেকার ব্যবহারের কারণ হলো—
 i. হৃৎপিণ্ডের বৈদ্যুতিক সংকেত প্রবাহে বাধাগ্রস্ত হলে
 ii. রক্তবাহিকার প্লাক জমার কারণে
 iii. সাইনো নোড ক্ষতিগ্রস্ত হলে
 নিচের কোনটি সঠিক ?
 ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ৬। হার্ট অ্যাটাক এর লক্ষণসমূহ হল—
 i. দ্রুত ও অনিয়মিত হৃৎস্পন্দন
 ii. অতিরিক্ত ঘাম নির্গত হওয়া
 iii. পায়ে পানি জমা
 নিচের কোনটি সঠিক ?
 ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ৭। নিচের কোন কোন অঙ্গে এরিথ্রোসাইট ধ্বংস হয়?
 ক) যকৃৎ ও অগ্ন্যাশয় খ) লসিকা গ্রন্থি ও টনসিল গ) যকৃৎ ও প্লীহা ঘ) বৃক্ক ও অস্থিমজ্জা
- ৮। বাইকাসপিড কপাটিকার অবস্থান কোথায়?
 ক) বাম নিলয় ও মহাধমনির মাঝে খ) ডান অনিন্দ ও ডান নিলয়ের মাঝে
 গ) বাম অলিন্দ ও বাম নিলয়ের মাঝে ঘ) ডান অলিন্দ ও উর্ধ্ব মহাশিরার মাঝে
- ৯। নিম্ন মহাশিরা ও ডান অ্যাট্রিয়ামের সংযোগস্থলে অবস্থিত কপাটিকার নাম কী?
 ক) মাইট্রাল খ) অ্যাওর্টিক গ) ইউস্টেশিয়ান ঘ) ত্রিপত্র
- ১০। কোনটি হিমোস্ট্যাটিক পণ্য গঠন করে?
 ক) লোহিত রক্ত কণিকা খ) শ্বেত রক্তকণিকা গ) অনুচক্রিকা ঘ) লসিকা
- ১১। পেশি নিঃসৃত কোন রাসায়নিক পদার্থ বৃক্কের কার্যকারিতা নষ্ট করে দেয়?
 ক) সিক্রোটিন খ) গ্লুকোজ গ) কোলোসিসটোকোইনিন ঘ) অসিটোসাইট
- ১২। রেনাল করপাসলে কোন ধরনের কোষ দেখা যায়?
 ক) নিডোসাইট খ) পডোসাইট গ) লিম্ফোসাইট ঘ) অসিটোসাইট
- ১৩। মূত্রের pH=?
 ক) 4.5 খ) 6.5 গ) ৭.0 ঘ) 8.5
- ১৪। রক্তের pH নিয়ন্ত্রণ করে কোন অঙ্গটি?
 ক) অগ্ন্যাশয় খ) বৃক্ক গ) যকৃৎ ঘ) ফুসফুস

১৫। স্তন্যপায়ী প্রাণীতে বৃক্ষীয় পিরামিড দেখা যায় কোন অংশে?

ক) পেলভিস খ) মেডুলা গ) কর্টেক্স ঘ) হাইলাম

১৬। মূত্রের রং খড় বর্ণ হওয়ার জন্য দায়ী বস্তু কোনটি?

ক) অ্যামোনিয়া খ) বিলিরুবিন গ) ইউরোক্রোম ঘ) কিটোন বডিস

১৭। নেফ্রনের কোন অংশে অধিকাংশ পুনঃশোষণ ঘটে?

ক) দূরবর্তী প্যাঁচানো নালিকা খ) হেনলির লুপ
গ) নিকটবর্তী প্যাঁচানো নালিকা ঘ) সংগ্রাহক নালিকা

১৮। গ্লোমেরুলাসের অবস্থান বৃক্কের কোথায়?

ক) পেলভিসে খ) হাইলামে গ) বোম্যানস ক্যাপসুলে ঘ) হেনলির লুপে

১৯। ডায়ালাইসিস কত প্রকার?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

২০। নেফ্রনের কোন অংশে অধিকাংশ পুনঃশোষণ ঘটে?

ক) প্রক্সিমাল প্যাঁচানো নালিকায় খ) হেনলির লুপে
গ) ডিস্টাল প্যাঁচানো নালিকায় ঘ) সংগ্রাহক নালিকায়

২১। নেফ্রনের নিকটবর্তী প্যাঁচানো নালিতে সংঘটিত হয়—

i. ফিলট্রেশন ii. পুনঃশোষণ iii. ক্ষরণ

নিচের কোনটি সঠিক ?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২। রেচন প্রক্রিয়ার মাধ্যমে শরীর—

i. বর্জ্য পদার্থ নিষ্কাশিত করে ii. পানির সাম্যতা বজায় রাখে iii. অসুস্থতা থেকে মুক্তি পায়
নিচের কোনটি সঠিক ?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩। মানুষের বৃক্কের বৈশিষ্ট্য হচ্ছে—

i. বৃক্কের বাইরের অংশকে কর্টেক্স ও ভেতরের অংশকে মেডুলা বলে

ii. বৃক্কের চারপাশে পেরিটোনিয়াম পর্দা দ্বারা আবৃত থাকে

iii. রেনাল পিরামিডের ফাঁকে রেনাল কলাম বিস্তৃত থাকে

নিচের কোনটি সঠিক ?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪। বৃক্কের কাজ হচ্ছে—

i. কোলেস্টেরল উৎপাদন করে

ii. রক্তে অম্ল ও ক্ষারের ভারসাম্য রক্ষা করে

iii. রক্ত চাপ নিয়ন্ত্রণ করে

নিচের কোনটি সঠিক ?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

➤ নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:

শিক্ষক বললেন যে, পরিপাকতন্ত্রে এমন একটি অঙ্গ আছে যা HCl ক্ষরণ করে খাদ্য পরিপাকে সাহায্য করলেও নিজে কখনও পরিপাক হয় না।

২৫। উদ্দীপক অঙ্গটি কোন স্নায়ু দ্বারা নিয়ন্ত্রিত হয়?

ক) অকুলোমোটর খ) অপথ্যালমিক গ) গ্ল্যাসোফ্যারিজিয়াল ঘ) ভেগাস

২৬। উদ্দীপক অঙ্গের কোন কোষ থেকে HCl ক্ষরিত হয়?

ক) অক্সিনটিক কোষ খ) মিউকাস কোষ গ) আর্জেন্টাফিন কোষ ঘ) জাইমোজেনিক কোষ

➤ নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:

রাজিবেবর ওজন ৫০ কেজি ও উচ্চতা ১.২ মিটার। স্থূলতার কারণে সে শুধুমাত্র সবজি দিয়ে ভাত খায়। কথাটি শুনে ডাক্তার বললেন মাঝে মধ্যে মাছ-মাংসও খেতে হবে, তাতে আমিষের চাহিদা পূরণ হবে।

২৭। উদ্দীপকে উল্লেখিত ডাক্তারের নির্দেশিত খাবারসমূহ কিভাবে রাজিবের শরীর গঠনে সাহায্য করে?

- ক) অ্যামাইনো এসিড সৃষ্টির মাধ্যমে খ) বেশি রক্ত উৎপাদনের মাধ্যমে
গ) প্রচুর স্নেহযুক্ত খাবারের কারণে ঘ) প্রচুর শর্করায়ুক্ত খাবারের কারণে

২৮। রাজিবের দেহভর সূচক (Body Mass Index) কোনটি?

- ক) ৩১ খ) ৩২ গ) ৩৩ ঘ) ৩৪

➤ নিচের চিত্রের আলোকে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:



২৯। চিত্রে 'ক' অংশের কাজ—

- i. খাদ্য সাময়িকভাবে জমা রাখা ii. পাকস্থলী প্রাচীরকে রক্ষা করা iii. জীবাণুনাশক হিসেবে কাজ করা
নিচের কোনটি সঠিক ?

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০। চিত্রে 'ক' হতে নিঃসৃত গ্যাস্ট্রিক রস খাদ্যবস্তুর পরিপাক ঘটায়—

- i. আমিষ ও লিপিডজাতীয় খাদ্যবস্তু ii. শর্করা ও আমিষ iii. লিপিড ও স্নেহ
নিচের কোনটি সঠিক ?

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii